আবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/22/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল আবাসন সংকট মোকাবিলায় সহায়তা করতে কাউন্টিগুলোর জন্য 50 মিলিয়ন ডলারের তহবিল ঘোষণা করেছেন

কাউন্টি ইনফ্রাস্ট্রাকচার গ্রান্ট প্রোগ্রাম আবাসন বৃদ্ধি, পরিবেশ-তৈরি এবং পর্যটন ব্যবস্থাকে এগিয়ে নিতে কাউন্টি-নেতৃত্বাধীন অবকাঠামো ভিত্তিক প্রকল্পগুলোকে সহায়তা করার জন্য অর্থায়ন নিশ্চিত করবে

গভর্নর হোকল-এর আবাসন সংকট মোকাবেলার প্রতিশ্রুতি অনুযায়ী 25 অর্থ বছরের নির্বাহী বাজেটে স্টেট ব্যাপী আবাসন ভিত্তিক সহায়তার জন্য 600 মিলিয়ন মার্কিন ডলারের মূলধন বরাদ্দ

আবাসন নির্মাণ সংশ্লিষ্ট প্রকল্পগুলোর জন্য বাড়তি অনুদান, আবেদন এবং তথ্য পাওয়া যাবে এখানে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ কাউন্টি ইনফ্রাস্ট্রাকচার গ্রান্ট প্রোগ্রামের সূচনা (County Infrastructure Grant Program) ঘোষণা করেছেন যা স্টেট জুড়ে ছোট থেকে মাঝারি আকারের কাউন্টি-নেতৃত্বাধীন অবকাঠামোমূলক প্রকল্পগুলোর অর্থায়নে সাহায্য করার জন্য কাউন্টিগুলোকে 50 মিলিয়ন ডলার পর্যন্ত সহায়তা প্রদান করবে, পাশাপাশি দশটি বা তার বেশি ইউনিট বিশিষ্ট আবাসন প্রকল্প নির্মাণে সহায়ক প্রকল্পগুলোর জন্য বিশেষ অনুদানের ব্যবস্থা রাখা হয়েছে। গভর্নরের 2025 অর্থ বছরের নির্বাহী বাজেটের অংশ হিসেবে স্টেট জুড়ে আবাসনের জন্য 600 মিলিয়ন মার্কিন ডলারের বেশি মূলধন তহবিল যোগ করেছে, কাউন্টি ইনফ্রাস্ট্রাকচার গ্রান্ট প্রোগ্রাম হলো আবাসনের সরবরাহ বৃদ্ধি, সাশ্রয়ী মূল্যের প্রচার এবং ভাড়াটে ও বাড়ির মালিকদের সহায়তা করার জন্য উপলব্ধ অনেক সরঞ্জামের একটি সমন্বয়। নিউ ইয়র্ক সিটির বাইরে অন্যান্য কাউন্টিগুলোর জন্য বিদ্যমান এই প্রোগ্রামটি মূলত অগ্রাধিকারমূলক পুঁজি ভিত্তিক প্রকল্পগুলোর উপর কেন্দ্রীভূত যা আবাসন তৈরিতে সহায়তা করে, এ সংশ্লিষ্ট স্থান উন্নয়নে ভূমিকা রাখে এবং ভ্রমণ ও পর্যটনে আরো সুযোগ-সুবিধা বাড়ায়।

"নিউ ইয়র্ককে আরো সাশ্রয়ী এবং বসবাসযোগ্য করার জন্য পুরো স্টেট জুড়ে আরো মানসম্মত এবং সাশ্রয়ী বাসস্থান নির্মাণ আমার অন্যতম প্রধান অগ্রাধিকার," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "কাউন্টি ইনফ্রাস্ট্রাকচার গ্র্যান্ট প্রোগ্রাম বাড়তি আবাসনের সংযোজনকে ইনফ্রাস্ট্রাকচার প্রকল্প পরিকল্পনার অংশ হিসেবে অন্তর্ভুক্ত করে সমৃদ্ধশালী কমিউনিটি গড়ার

জন্য একটি কার্যকর দিকনির্দেশনা প্রদান করে। এর মানে হলো যে আরো বেশি নিউ ইয়র্কবাসী তাদের ইচ্ছে মতো স্থানে বসবাস করতে পারবে এবং এটি আরো ব্যবসায়িক প্রতিষ্ঠানকে এখানে প্রতিষ্ঠিত হতে এবং নিউ ইয়র্কের উন্নতিতে অবদান রাখবে কারণ এখানে পর্যাপ্ত বাসস্থান রয়েছে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট (Empire State Development), প্রধান নির্বাহী আধিকারীক ও কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "স্টেটের আবাসন ব্যবস্থার উন্নয়ন গভর্নর Hochul (হোকল)-এর প্রশাসনের একটি মূল স্তম্ভ এবং এটি টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধির একটি ভিত্তিও বটে। কাউন্টি ইনফ্রাস্ট্রাকচার গ্র্যান্ট প্রোগ্রামের মাধ্যমে, আমরা বাড়তি বাসস্থান নিশ্চিতে সহায়তা করব এবং এমন কমিউনিটিগুলোতে স্থান ও প্রাণবন্ততার অনুভূতি মজবুত করব যা আরো কর্মসংস্থান, বাসিন্দা এবং দর্শণার্থীদের আকর্ষণ করবে।"

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) কমিশনার RuthAnne Visnauskas (রুথ অ্যান ভিসনাউকাস) বলেন, "কাউন্টি ইনফ্রাস্ট্রাকচার গ্র্যান্ট প্রোগ্রাম হলো একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ যা স্টেটের আবাসন-কেন্দ্রিক প্রকল্পগুলোকে সহায়তা করার জন্য কাজ করছে এবং এটি শুধুমাত্র সাশ্রয়ী মূল্যের আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে না বরং পর্যটন এবং অর্থনৈতিক উন্নতিকে এগিয়ে নেবে এবং প্রাণবন্ত পাড়া ও ডাউনটাউন গড়ে তুলবে। গভর্নর Hochul (হোকল) তার চলমান হাউজিং সংকট মোকাবেলার প্রতি গুরুত্ব দেওয়ার জন্য আমরা তাকে ধন্যবাদ জানাই এবং স্টেটের বিভিন্ন কাউন্টিজুড়ে এমন আরো হাউজিং প্রকল্প চালু হওয়া সাপেক্ষে আমাদের অংশীদারদের সাথে একসাথে কাজ করার জন্য আমরা আগ্রহী।"

আধুনিক অবকাঠামো সরাসরি নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক গতি-প্রকৃতির উপর প্রভাব ফেলে এবং ছোট আকারের অবকাঠামো প্রকল্পগুলোর জন্য সহায়তা প্রদান স্টেটকে প্রতিযোগিতামূলক রাখার এবং ধারাবাহিক অর্থনৈতিক সমৃদ্ধির জন্য গুরুত্বপূর্ণ। 2025 অর্থ বছরের নির্বাহী বাজেটের অংশ হিসেবে, কাউন্টি ইনফ্রাস্ট্রাকচার গ্র্যান্ট প্রোগ্রামটি নিউ ইয়র্কের অবকাঠামোকে নিউ ইয়র্কবাসীর প্রয়োজন মেটানোর জন্য বাস্তবায়ন করার জন্য প্রতিষ্ঠিত হয়েছে।

এটি এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্তৃক পরিচালিত একটি প্রোগ্রাম যা আবাসন-কেন্দ্রিক ফোকাস সহ কাউন্টির অবকাঠামো সংশ্লিষ্ট ব্যয় নির্বাহে সহায়তা করবে। কাউন্টি কর্তৃক চিহ্নিত ছোট এবং মাঝারি আকারের অগ্রাধিকারমূলক প্রকল্পগুলোকে সহায়তা করার জন্য 500,000 মার্কিন ডলার পর্যন্ত অনুদান পাওয়া যাবে যা অর্থনৈতিক উন্নয়ন সমর্থন করে, পরিবেশ সৃষ্টি বা পর্যটনকে উৎসাহিত করে। দশ বা তার বেশি ইউনিটের আবাসন নির্মাণে সহায়তা পেতে প্রকল্পগুলোর জন্য 1 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বাড়তি অনুদানের ব্যবস্থা রয়েছে।

আবেদন কিভাবে করবেন তা সহ প্রোগ্রাম সম্পর্কে আরো তথ্যের জানতে, ক্লিক করুন এখানে। কনসলিডেটেড ফান্ডিং অ্যাপ্লিকেশন (Consolidated Funding Application, CFA) পোর্টালটির মাধ্যমে আবেদনসমূহ ধারাবাহিকভাবে গ্রহণ করা হবে এখানে।

স্টেট সিনেটর Brian Kavanagh (ব্রায়ান কাভানাঘ) বলেন, "আমি গভর্নর এবং আইনসভায় আমার সহকর্মীদের সাথে নিউ ইয়র্ক স্টেট জুড়ে আবাসন ব্যবস্থার উন্নয়ন এবং ক্রয়ক্ষমতাকে সাধ্যের মধ্যে আনে এমন উদ্যোগের সমর্থনে যোগদান করতে পেরে গর্বিত এবং আমরা জানি যে সঠিকভাবে তহবিল নিশ্চিত আরো আবাসন তৈরির জন্য আমাদের প্রচেষ্টার একটি গুরুত্বপূর্ণ অংশ। এই অনুদানগুলো নিম্ন এবং মাঝারি আয়ের বাসিন্দাদের বাড়ির মালিকানা নিশ্চিত, প্রয়োজনীয় মেরামত এবং প্রাণবন্ত পাড়া গঠনে সাহায্য করবে। আমি গভর্নর এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-কে নিউ ইয়র্কবাসীদের জন্য এই গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করার জন্য সাধুবাদ জানাই এবং আমি বিভিন্ন স্তরের সরকারের সাথে এবং স্টেটের সকল কমিউনিটির সঙ্গে যৌথভাবে কাজ করার জন্য অধীর আগ্রহে আছি যাতে আবাসন সাশ্রয়ের সংকটের জন্য একটি পূর্ণাঙ্গ সমাধান তৈরি করা যায়।"

স্টেট সিনেটর Sean Ryan (শেন রায়ান) বলেন, "আরো আবাসন নির্মাণ আমাদের স্টেটের প্রতিটি অঞ্চলে নিউ ইয়র্কের অর্থনীতিকে এগিয়ে নিয়ে যাবে। আমি আমাদের স্টেটের সর্বশেষ বাজেটকে সমর্থন করতে পেরে গর্বিত ছিলাম যা আবাসন সরবরাহ বৃদ্ধির জন্য মূল বিনিয়োগ করে এবং আমাদের কমিউনিটির জন্য প্রয়োজনীয় আরো উন্নত-মানের সাশ্রয়ী মূল্যের ইউনিট সরবরাহ করে। আবাসন বিষয়ে পদক্ষেপ নেওয়ার জন্য আমরা স্থানীয় সরকারগুলোর সাথে যে অনেকগুলো কৌশলগত উপায়ে কাজ করছি এই প্রোগ্রামটি তার মধ্যে একটি এবং এই গুরুত্বপূর্ণ বিষয়টিকে অগ্রাধিকার দেওয়ার জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই।"

NYSAC প্রেসিডেন্ট Benjamin Boykin (বেঞ্জামিন বয়কিন) বলেন, "কাউন্টি নেতারা নতুন কাউন্টি-ভিত্তিক অবকাঠামোর অনুদানমূলক কর্মসূচি প্রতিষ্ঠার জন্য গভর্নর Hochul (হোকল) এবং স্টেট আইনসভার প্রতি তাদের কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। এই উদ্যোগটি দশ বা তার বেশি আবাসন ইউনিটের উন্নয়ন সংক্রান্ত প্রকল্পগুলোর জন্য 1 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত প্রদান করবে, এটি স্টেট এবং আমাদের কাউন্টিগুরোর মধ্যে চলমান অংশীদারিত্বের একটি গুরুত্বপূর্ণ অগ্রগতি। নিউ ইয়র্ক স্টেটে আরো আবাসন প্রয়োজন এবং এটি আমাদেরকে গুরুত্বপূর্ণ অবকাঠামোর সংকট মোকাবিলা এবং সহায়তা করার নিশ্চয়তা দেয়, পাশাপাশি আবাসন উন্নয়নকে উৎসাহিত করে, ফলে আমাদের বাসিন্দাদের জীবনের মান উন্নত হয়।"

গভর্নর Hochul (হোকলের) আবাসন এজেন্ডা

নিউ ইয়র্কের আবাসন সঙ্কটের সমাধান করতে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য স্টেটকে আরো সাশ্রয়ী ও বাসযোগ্য করতে গভর্নর Hochul (হোকল) প্রতিশ্রুতিবদ্ধ। 25 অর্থ বছরের নির্বাহী বাজেটের অংশ হিসেবে, গভর্নর একটি ঐতিহাসিক চুক্তি সম্পন্ন করেছেন যা আপস্টেট কমিউনিটিগুলোর জন্য নতুন কর প্রণোদনার মাধ্যমে নিউ ইয়র্কের আবাসন সরবরাহ বৃদ্ধি করবে, পাশাপাশি নিউ ইয়র্ক সিটিতে আরো আবাসন তৈরি করার জন্য কিছু স্টেট-আরোপিত বিধিনিষেধ থেকে ছাড় দেওয়া হয়েছে, স্টেট-মালিকানাধীন সম্পত্তিতে 15,000 নতুন বাড়ি নির্মাণের জন্য 500 মিলিয়ন মার্কিন ডলারের মূলধনী তহবিল বরাদ্দ করা হয়েছে, স্টেটজুড়ে বিভিন্ন আবাসনমূলক উন্নয়নকে সহায়তা করার জন্য আরো 600 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল বরাদ্দ করা হয়েছে এবং ভাড়াটে ও বাড়ির মালিকদের জন্য নতুন সুরক্ষার ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে।

23 অর্থ বছরের নির্বাহী বাজেটের অংশ হিসেবে, গভর্নর একটি পাঁচ-বছরের, 25 বিলিয়ন মার্কিন ডলারের আবাসন পরিকল্পনার ঘোষণা দিয়েছেন, যার মাধ্যমে স্টেট ব্যাপী 100,000 পরিমাণ সাশ্রয়ী আবাসন নির্মাণ বা সংরক্ষণ করা হবে যার মধ্যে 10,000টি ঝুঁকিপূর্ণ জনগণের জন্য সহায়ক পরিষেবাসহ থাকবে, পাশাপাশি 50,000 গৃহের বৈদ্যুতিকীকরণ করা হবে। এখন পর্যন্ত 45,000 এর বেশি বাসা তৈরি বা সংরক্ষণ করা হয়েছে।

এছাড়া, গত আগস্ট মাসে গভর্নর প্রো হাউজিং কমিউনিটিজ কর্মসূচি (Pro-Housing Communities Program) ঘোষণা করেন। স্টেট বিবেচনামূলক তহবিলে 650 মিলিয়ন ডলার পর্যন্ত অ্যাক্সেস করার জন্য স্থানীয়দের কাছে প্রো-হাউজিং কমিউনিটি সার্টিফিকেশনটি প্রয়োজনীয়। এখন পর্যন্ত, নিউ ইয়র্ক সিটিসহ 200টির বেশি সম্প্রদায় প্রত্যায়িত হয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন